# এখন হতে যে কোন সাইটের অশ্লীল ছবি কিংবা অ্যাডকে ব্লক করুন

বর্তমান ইন্টারনেট যুগে কাজের প্রয়োজনীয়তার তাগিদে আমাদের সবারই কমবেশী অনলাইন তথারুপ নেটে সময় ব্যয় করতে হয়। এই জন্য বিভিন্ন সাইটে প্রবেশ করতে নেট ব্রাউজিং করতে হয়। কিন্তু নেট ব্রাউজিং করতে গিয়ে অনেক সময় ভালো সাইটেও অপ্রয়োজনীয় অ্যাড এসে যায় যা একজন সুস্থবান ব্যক্তির জন্য নেতিবাচক হয়ে পড়ে। কিংবা অনেক সময় আমাদের বিব্রত অবস্থাতে পড়তে হয় যেমন অশ্লীল ছবি, ভিডিও লিংক বা স্ক্যান্ডাল জাতীয় অন্য কিছু অ্যাড শোর মাধ্যমে। এমনিতে এখানে শুধু সুস্থ মস্তিষ্কের অবক্ষয় ঘটায়না সাথে আপনার নেট স্পীডের এবং মেগাবাইটেরও অপচয় ঘটায়।

আসলে এই সকল সমস্যার বেশী মুখোমুখি হতে হয় কোন সাইট হতে কোন ফাইল আপলোড কিংবা ডাউনলোড করতে গিয়ে। এখানে সাইটটি ভাল হোক কিংবা দুষ্ট হোক দেখা যায় যে উক্ত শেয়ারিং ফাইল সাইট হতে ফাইলটির লিংকে ক্লিক করা মাত্রই বিভিন্ন অপ্রয়োজনীয় অ্যাড সহ স্বয়ংক্রিয়ভাবে ৩/৪ টি পেইজ ওপেন হয়ে যায়। এটাও অস্বস্তিকর ব্যাপার। উদাহরন হিসাবে বলতে পারি ফাইল শেয়ারিং সাইট যেমন Ziddu.com, Mediafire.com, Tushfile.com, File Factory সহ অন্যান্য বেশ কিছু সাইট রয়েছে যেখানে ফাইল সমূহ নামাতে গিয়ে উক্ত তিক্ততার মধ্যে পড়তে হয়।

মূল কথা Online-এ বিভিন্ন site-এ প্রবেশ করলে Ad-গুলো একরকম মাকরশার জালের মতই বিরক্ত করে। ইন্টারনেট ব্রাউজ করলেই বেশির ভাগ জনপ্রিয় কোনো না কোনো ওয়েবসাইটে অশ্লীল ছবি বা Ad আসবেই, যেমন পূর্বেই বলেছি – Mediafire.com.

মহান আল্লাহ তা’আলা বলেন -

“হে নবী! মু’মিন পুরুষদের বলে দাও তারা যেন নিজেদের দৃষ্টি সংযত করে রাখে.......” (২৪ সূরা-নূর: আয়াত-৩০)
“ আর হে নবী! মু’মিন নারীদেরকে বলে দাও তারা যেন তাদের দৃষ্টি সংযত করে রাখে.......” (২৪ সূরা-নূর: আয়াত-৩১)

এখন অনেকেই বলবেন তাহলে কি ইন্টারনেট ব্যবহার করব না!! না ভাই, ব্যবহার তো অবশ্যই করতে হবে। যেমন: গাড়ীতে চড়লে দূর্ঘটনার ভয় আছে তাহলে কি গাড়ীতে উঠা যাবে না? সেই রকম প্রয়োজন থাকলে অবশ্যই ইন্টারনেট চালাতে হবে। কিন্তু এখানে দেখতে হবে কোন প্রতিরোধ থাকার কৌশল/ব্যবস্থা আছে কিনা!! আসলে এখানে অ্যাড দেখা বা না দেখা সম্পূর্ণ মডিভিশনের দ্বায়িত্বতা নিজেরই। তবে নৈতিকতার দিক দিয়ে অপ্রয়োজনীয় সাইট/অ্যাড এড়িয়ে যাওয়াটাই ভাল|


যার কারণে আমাদের খুবই অসুবিধায় পড়তে হয় ইন্টারনেট ব্রাউজের ক্ষেত্রে। বিশেষ করে আমরা সচরাচর যে কোন ফাইল ডাউনলোড করতে “মিডিয়া ফায়ার” এ প্রবেশ করি। কিন্তু “মিডিয়া ফায়ার” এ অশ্লীল ছবি ও ad এর মেলা। এছাড়াও ফেইস বুকেও নানা ধরনের Ad আসে। Popular site Youtube-এ ভিডিও open করলে Ad চলে আসে। এতে করে যেমন অশ্লীল ছবি ও এড আসে তেমনি ডাটা ও বেশি টানে। ফলে যারা ছোট ইন্টারনেট প্যাকেজ ব্যবহার করেন তাদের নেট তাড়াতাড়ি শেষ হয়ে যায়|

এই অশ্লীল ছবি ও Ad থেকে রেহাই পাওয়া জন্য আজকের এই পোস্ট। ইন-শা-আ-ল্লাহ, এখন থেকে আর এই ধরনের ছবি দেখতে হবে না, আপনি চোখ খোলা রেখেই “মিডিয়া ফায়ার” থেকে ডাউনলোড করতে পারবেন ইচ্ছা মত। এই সুবিধাটি পাবেন Firefox, Google chrome, Opera ব্যবহারকারীরা। তাহলে চলুন ধাপে ধাপে পড়ে নিই কিভাবে বন্ধ করবো এই সকল অশ্লীল ছবি ও Ad.

প্রথমেই বলে দেই – এখানে শুধু Firefox, Google chrome ব্যবহারকারীদের জন্য নিয়ম দেওয়া হল|

## ক) প্রথমে Firefox ব্যবহারকারীদের জন্য -


১. Firefox browser Open করুন। (Internet চালু রাখবেন)
২. http://addons.mozilla.org/ লিখে এন্টার চাপুন।
৩. ছবিতে দেখানো সার্চ বক্সে simple adblock লিখে এন্টার দিন। (simple adblock পাওয়া না গেলে Adblock, Adblock Plus, Adblock Edge, Adblock Lite যেকোন একটি লিখে এন্টার দিন)




৪. নিচের ছবিতে দেখানো simple adblock আসলে, এর ডান পাশে Add to Firefox এ ক্লিক করুন|




৫. ক্লিক করা পর উপরে বাম পাশে কোনায় একটি নোটিফিকেশন্স আসবে Allow এ ক্লিক করুন।
৬. এরপর নিচের ছবির মত আসবে। install এ ক্লিক করুন|




৭. install শেষে ব্রাউজার Restart চাবে। Restart এ ক্লিক করুন। ৫ থেকে ১০ সেকেন্ড অপেক্ষা করুন। আর যদি Restart না চায় তাহলে ব্রাউজার বন্ধ করে আবার চালু করুন।
৮. ব্রাউজারের ডান পাশে কোনায় দেখবেন simple Adblock এর চিহ্ন দেখা যাচ্ছে। নিচের ছবিতে দেখানো হলো। এবার যেকোন সাইটে প্রবেশ করুন নির্দিধায় কোন অশ্লীল ad আসবে না। media fire এ ডাউনলোড করুন কোন অশ্লীল ছবি ও Ad ছাড়া।





## খ) Google Chrome ব্যবহারকারীদের জন্য -

১. প্রথমে Google Chrome Open করুন। (Internet চালু রাখবেন)
২. ছবিতে দেখানো চিহ্নে ক্লিক করুন। Settings এ ক্লিক করুন। এরপর বামপাশে Extensions এ ক্লিক করুন। Get more extensions এ ক্লিক করুন।





৩. এরপর নিচের ছবিতে দেখানো সার্চ বক্সে simple adblock extensions লিখে এন্টার চাপুন। (simple adblock extensions পাওয়া না গেলে Adblock, Adblock Plus, Adblock Edge, Adblock Lite extensions যেকোন একটি লিখে এন্টার দিন)


শাহেদুল ইসলাম





৪. এরপর নিচের ছবির মত আসবে। ছবিতে দেখানো অংশ Simple Adblock এর ডানপাশে + FREE তে ক্লিক করুন|




৫. নিচের ছবির মত আসবে। Add এ ক্লিক করুন। এরপর নিজে নিজে ইন্সটল হয়ে যাবে|



৬. Google Chrome বন্ধ করে আবার চালু করুন। ব্রাউজারের ডান পাশে কোনায় দেখবেন simple Adblock এর চিহ্ন দেখা যাচ্ছে। নিচের ছবিতে দেখানো হলো। এবার যেকোন সাইটে প্রবেশ করুন নির্দিধায় কোন অশ্লীল আসবে না। media fire এ ডাউনলোড করুন কোন অশ্লীল ছবি ও Add ছাড়া|




গ) যারা Opera ব্যবহার করেন তারা Add-ons এ গিয়ে simple adblock সার্চ দিয়ে ইন্সটল করুন। এরপর ব্রাউজার বন্ধ করে চালু করুন, তাহলেই হয়ে যাবে|

**simple adblock ইন্সটলের আগে ও পরে Media Fire ও Facebook এর দু'টি ছবি দেখুন নিচে|**

(B›Uvi‡bU †_‡K msMnxZ)




**http://Palashbidc.wordpress.com**